

৩৮৪  
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

লাহোর  
১১ নভেম্বর, ১৮৯৭

অভিনন্দনসহ,

লাহোরে লেকচার এক রকম হইয়া গেল। দু-এক দিনের মধ্যেই দেৱাদুন যাত্রা করিব। তোমাদের সকলের অমত এবং অন্যান্য অনেক বাধাবশতঃ সিন্ধুযাত্রা এখন স্থগিত রহিল। আমার দুইখানি বিলাতী চিঠি কে রাস্তায় খুলিয়াছে। অতএব আমার চিঠিপত্র এক্ষণে আর পাঠাইবে না। খেতড়ি হইতে লিখলে পাঠাইবে। যদি উড়িষ্যায় যাও তো এমন বন্দোবস্ত করিয়া যাও যে, কোন ব্যক্তি তোমার প্রতিনিধি হইয়া সমস্ত কার্য করে - যথা হরি। বিশেষতঃ এক্ষণে আমি প্রতিদিন আমেরিকা হইতে টাকার অপেক্ষা করিতাছি।

হরি ও শরতের নামে যে উইল করিবার জন্য বলিয়াছিলাম, তাহা বোধ হয় হইয়া গিয়াছে।

এখানে সম্ভবতঃ সদানন্দ ও সুধীরকে ছাড়িয়া যাইব একটি সভা স্থাপন করিয়া। এবার লেকচারাদি আর নয় -- একেবারে হুড়মুড় রাজপুতানায় যাচ্ছি। মঠ না করে আর কথা নয়। শরীর regular exercise (নিয়মিত ব্যায়াম) না করিলে কখনও ভাল থাকে না, বকে বকেই যত ব্যারাম ধরে, ইহা নিশ্চিত জানিও। সকলকে আমার ভালবাসা। ইতি

বিবেকানন্দ